কুষ্টিয়ায় অতিরিক্ত দামে ডিজেল বিক্রি, ২০ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলার বিভিন্ন বাজারে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের তদারকি অভিযানে সরকারি নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে ডিজেল বিক্রির অভিযোগে একটি ব্যবসা প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

রোববার জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের উদ্যোগে সদর উপজেলার কাঞ্চনপুর বাজার, বটতৈল ও ভাদালিয়া এলাকায় এ তদারকি অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে কাঁচাবাজার, মুদি দোকান, জ্বালানি তেলের দোকান ও ফিলিং স্টেশনগুলোতে মূল্যতালিকা, পণ্যের মান এবং সংরক্ষণ পদ্ধতি যাচাই করা হয়।

এ সময় অনুমোদনহীন ও অনিরাপদ উপায়ে জ্বালানি তেল সংরক্ষণ এবং সরকারি নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে ডিজেল বিক্রির প্রমাণ পাওয়ায় কাঞ্চনপুর বাজারের মেসার্স আশিক হার্ডওয়্যার নামের একটি প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানটি পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মাসুম আলী।

ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সঠিক মূল্য নিশ্চিত করা, ভোক্তার স্বার্থ সংরক্ষণ এবং অনিয়ম প্রতিরোধে এ ধরনের তদারকি অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হবে।

অভিযানের সময় ব্যবসায়ীদের সরকারি নির্দেশনা মেনে পণ্য বিক্রি এবং নিরাপদ উপায়ে জ্বালানি তেল সংরক্ষণের জন্য সতর্ক করা হয়। একই সঙ্গে ভোক্তাদের কোনো অনিয়ম চোখে পড়লে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরে অভিযোগ জানানোর আহ্বান জানানো হয়।

এ সময় অভিযানে সহযোগিতা করেন সংশ্লিষ্ট এলাকার উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর এবং জেলা পুলিশের একটি টিম।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও রিক্সা র্যালী

‘আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার, সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হয়েছে।

ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র আয়োজনে গ্তকাল রোববার সকালে শহরের কেন্দ্রীয় গোরস্থানের সামনে মানববন্ধন কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার কর্মী, নারী উদ্যোক্তাসহ নানা শ্রেণীপেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সুশীল সমাজের প্রতিনিধি এন এম শাহজালাল, এডাব’র সভাপতি এনামুল কবির বাবলু, ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরিফা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় নারীর প্রতি সহিংসতা বন্ধ ও নারীদের অধিকার রক্ষায় সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। পরে সেখান থেকে একটি রিক্সা র্যালী বের করা হয়। র্যালিটি শহরের হামদহ মোড় ঘুরে, চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ট হয়ে পায়রা চত্বর পদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

ঝিনাইদহে যুবক নিহতের ঘটনায় বাসে আগুন-ভাংচুর, প্রতিবাদে

শ্রমিকদের সড়ক অবরোধ

ঝিনাইদহে তেল পাম্পে কর্মচারীদের মারধরে যুবকের মৃত্যুর ঘটনায় গভীর রাতে ৩টি বাসে আগুন দিয়েছে বিক্ষুদ্ধ ছাত্র-জনতা। এর প্রতিবাদে সকালে সড়ক অবরোধ করে ঝিনাইদহের বাসের শ্রমিকরা।

গ্তকাল রোববার সকালে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনালে এ সড়ক অবরোধ শুরু হয়।

শ্রমিকরা সকাল সাড়ে ৮ টার দিকে পোড়া বাস নিয়ে অবরোধ শুরু করে। এতে বন্ধ হয়ে যায় ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের সকল প্রকার যানচলাচল। সড়কের দুই পাশে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। এতে ভোগান্তিতে পড়ে সাধারণ যাত্রীরা। পরে বাসে আগুন দেওয়ার সাথে জড়িতদের গ্রেফতারের আশ্বাসে ২ ঘন্টা পর অবরোধ তুলে দেয় শ্রমিকরা।

উল্লেখ, গতকাল শনিবার সন্ধ্যায় শহরের তাজ ফিলিং স্টেশনে তেল নেওয়াকে কেন্দ্র করে পাম্পের কর্মচারীদের পিটুনিতে নিহত হয় ফারদিন আহম্মেদ নিরব নামে এক যুবক। এ ঘটনায় রাতে শহরের আরাপপুরে একটি তেল পাম্প ভাংচুর ও রাত ২ টার দিকে কেন্দ্রীয় বাস টার্মিনালে ৩ টি বাসে আগুন নেয় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সদস্যরা।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মাহফুজ হোসেন বলেন, রাতে বাসে যারা আগুন দিয়েছে তাদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনা হবে।

পুলিশ আশ্বাস নেওয়ার পর রাস্তা ছেড়ে দিয়েছে শ্রমিকরা। এবিষয়ে শহরের সুধিজনরা নাম প্রকাশ না করার সর্তে বলেন কথায় কথায় তারা বাস দোকান-পাঠ, বাসা বাড়িতে আগুন দেবে এটা মেনে নেওয়া যায়না। যুবকের মৃত্যুর ঘটনায় যখন সারা শহরে শোক ও প্রতিবাদ চলছে সেই সুযোগে বৈসম্যবিরোধী নামধারী কয়েকজন ছাত্র-যুবক বাসে আগুন দিয়ে তিনটি বাস পুড়িয়ে দিয়েছে।

এর আগে পোষাকের সোরুম বন্ডে আগুনসহ কয়েকজনের ব্যবসায় প্রতিষ্ঠান ও বাড়িতে আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া একই সূত্রে গাথা। সব অপরাধের দৃষ্টান্ত মূলক বিচার দাবী করেন তারা।

চুয়াডাঙ্গায় বাঁধন সংগঠনের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল

“একটির রক্ত, অন্যের জীবন; রক্তই হোক আত্মার বাঁধন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল সাড়ে পাঁচটায় বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের আয়োজনে ইংরেজি বিভাগের হলরুমে এ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কার্যনির্বাহী কমিটির দপ্তর সম্পাদক তামিম হোসেন।

বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আহ্বায়ক হাসিবুল হাসানের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। সভাপতিত্ব করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের সভাপতি রিয়াদ হাবিব।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. সাইফুর রশিদ।

তিনি বলেন, “বাঁধন হলো স্বেচ্ছায় রক্তদাতাদের একটি মানবিক সংগঠন এবং বাংলাদেশের একটি বৃহৎ স্বেচ্ছাসেবী সংগঠন। বাঁধন সংগঠনে যারা কাজ করে, তারা একেকজন মানবিক মানুষ। দেশের ক্রান্তিলগ্নসহ যেকোনো পরিস্থিতিতে এই সংগঠনের স্বেচ্ছাসেবীরা অগ্রণী ভূমিকা পালন করে আসছে। রক্তদান একটি মহৎ কাজ, যা মানুষের পাশে দাঁড়িয়ে বাঁধনের স্বেচ্ছাসেবকরা করে আসছেন। শিক্ষার্থীদের তিনি আরও বলেন, পড়ালেখার পাশাপাশি মানবিক কাজেও এগিয়ে আসতে হবে এবং মানবিক কাজের সাথে যুক্ত সংগঠনগুলোর সঙ্গে সর্বদা থাকতে হবে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের শিক্ষক উপদেষ্টা মোঃ সফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক খন্দকার রোকনুজ্জামান, হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক

জাহিদুল হাসান, মাসুদ পারভেজ, হাফিজুর রহমান, মনিরুজ্জামান, সুলতান মাহমুদ, আজিম হোসেন ও মাহমুদুল হাসান।

উল্লেখ্য, বাঁধন হলো পুরো বাংলাদেশে ব্যাপী একটি শক্তিশালী স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন। বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট ২০১৭ সাল থেকে কার্যক্রম শুরু করেছে এবং বর্তমানে এটি পদ্মা জোনাল পরিষদের অন্তর্ভুক্ত।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে ছাত্র উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন সাজেদুর রহমান, ইব্রাহিম হোসেন, আল মামুন, আজিজুর রহমান, হাফিজুর রহমান, আল মুতাকাব্বির সাকিব, মামুন আর রশিদ। এছাড়া উপস্থিত ছিলেন বাঁধন কেন্দ্রীয় পরিষদের প্রচার ও প্রকাশনা সম্পাদক মিকাইল হোসেন, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের জোনাল প্রতিনিধি রাসেল আলী, সাধারণ সম্পাদক আবু হুরাইরা বাঁধন, সহ-সভাপতি ও বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আহ্বায়ক হাসিবুল হাসান, সামিউল ইসলাম, ইব্রাহিম, মালা, মনিরুল, আয়েশা, নাঈম, হাবিবউল্লাহ, চাঁদনী, আসিফ, ফরহাদ সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থীবৃন্দ ও বাঁধনের কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা প্রাথমিক শিক্ষক সমিতির ইফতার মাহফিল

আলমডাঙ্গা উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় উপজেলা চত্ত্বরের সমিতির নিজ কার্যালয়ে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীন এটম। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক আব্দুস সালেহীন শাজাহান আলী, আশরাফুল আলম, হাফিজুর রহমান, আবুল কালাম আজাদ, সহকারী শিক্ষক জামিরুল ইসলাম খান, আসলাম হোসেন, আব্দুল আলিম, তবিবুর রহমান, মকবুল হোসেন, কাজল, মশিউর রহমান, আব্দুল্লাহ আল মামুন,

ফিরোজ হোসেন প্রমুখ।

ইফতার ও দোয়ার অনুষ্ঠানে যুদ্ধবিধ্বস্ত অস্থির পৃথিবীর জন্য শান্তি কামনা করা হয়। পাশাপাশি বাংলাদেশের প্রবাসী ভাইদের জীবন সুরক্ষার জন্য বিশেষ মোনাজাত করা হয়। এছাড়া দেশের নবনির্বাচিত সরকারের মাধ্যমে দেশের শান্তি ও কল্যাণ কামনাও করা হয়।

আলমডাঙ্গা কলেজপাড়ায় রাস্তার ঢালাইয়ে অনিয়মের অভিযোগ

আলমডাঙ্গা কলেজপাড়ার রাস্তার ঢালাইয়ের কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। এলাকাবাসী বিষয়টি তদন্তের দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গা পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কলেজপাড়ায় চলমান রাস্তার ঢালাই কাজে অনিয়মের অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, রাতের আঁধারে ঢালাইয়ের সময় সিমেন্ট কম ব্যবহার করা হয়েছে এবং নিম্নমানের বালি প্রয়োগ করা হয়েছে। এর ফলে ঢালাই করা রাস্তার কিছু অংশে ইটের খোয়া ভেসে উঠতে দেখা গেছে, যা কাজের মান নিয়ে প্রশ্ন তুলেছে।

এলাকাবাসীর অভিযোগ, নিম্নমানের উপকরণ ব্যবহারের কারণে রাস্তার স্থায়িত্ব নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে স্থানীয় বাসিন্দারা উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবর একটি লিখিত অভিযোগ জমা দিয়েছেন।

জানা গেছে, পৌরসভার এডিপি প্রকল্পের আওতায় প্রায় সাড়ে নয় লাখ টাকার এ রাস্তার কাজটি বাস্তবায়ন করা হচ্ছে। তবে কাজের মান নিয়ে শুরু থেকেই স্থানীয়দের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। এমনও অভিযোগ উঠেছে, ঢালাই কাজে তুলনামূলকভাবে কম সিমেন্ট ব্যবহার করে পরে কিছু জায়গায় সিমেন্টের আবরণ দিয়ে ঢালাই করা হয়েছে।

স্থানীয় বাসিন্দা আমিনুল ইসলাম বলেন, “আমরা এলাকাবাসী মিলে একটি লিখিত অভিযোগ উপজেলা প্রশাসনের কাছে জমা দিয়েছি। কিন্তু এখন

পর্যন্ত এ বিষয়ে কোনো তদারকি দেখা যায়নি।”

ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক সাইদুর রহমান বলেন, ঢালাই কাজের সময় তিনি ঘটনাস্থলে উপস্থিত ছিলেন না। পরে বিষয়টি জানতে পেরে সংশ্লিষ্ট মিস্ত্রিদের পর্যাপ্ত সিমেন্ট ব্যবহার করে ভালোভাবে ফিনিশিং করার নির্দেশ দিয়েছেন।

এদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার জানান, “বিষয়টি তদন্তের জন্য ইঞ্জিনিয়ার পাঠানো হবে। পরীক্ষা-নিরীক্ষা করে যদি কাজের মান খারাপ পাওয়া যায়, তাহলে অবশ্যই ঠিকাদারি প্রতিষ্ঠানের কাজ বন্ধ করে দেওয়া হবে।”

মেহেরপুরে মোটর শ্রমিকদের চুরি-ডাকাতি ও ছিনতাই রোধে প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে মোটর শ্রমিক ও অটো ড্রাইভারদের জন্য চুরি, ডাকাতি ও ছিনতাই রোধে প্রশিক্ষণ কর্মশালা ২০২৬ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১টায় ট্রাফিক বিভাগ, জেলা পুলিশ, মেহেরপুরের আয়োজনে পুলিশ লাইন ড্রিল শেডে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। পুলিশ সুপার মোটর শ্রমিক ও অটো ড্রাইভারদের উদ্দেশ্যে রাস্তায় সুশৃঙ্খলভাবে ট্রাফিক আইন মেনে গাড়ি চালানোর ওপর গুরুত্বারোপ করেন এবং নিরাপদ ও দায়িত্বশীলভাবে গাড়ি পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদি হাসান দিপুসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারী মোটর শ্রমিক ও অটো ড্রাইভারগণ।

মেহেরপুরে বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে এনসিপির ইফতার মাহফিল

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মেহেরপুর জেলা শাখার উদ্যোগে রাজনৈতিক ব্যক্তিবর্গ, সুশীল সমাজ, সাংবাদিক ও জুলাই অভ্যুত্থানে আহতদের সম্মানে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যায় পৌর কমিউনিটি সেন্টারে আয়োজিত এই মাহফিলের সভাপতিত্ব করেন কেন্দ্রীয় যুগ্ম মূল সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদ।

জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক মুজাহিদুল ইসলামের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন জেলা এনসিপি’র সাংগঠনিক সম্পাদক মো: হাসনাত জামান সৈকত। বক্তব্য রাখেন জুলাই আহত যোদ্ধা খন্দকার মুইজ উদ্দিন এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ ড. গাজী রহমান।

ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন জামায়াত ইসলামীর জেলা নায়েবে আমির মাহাবুবুর রহমান, সেক্রেটারি ইকবাল হোসেন, রাজনৈতিক সেক্রেটারি রফিকুল ইসলাম, সদর উপজেলা আমির সোহেল রানা, মুজিবনগর বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জাসাসের সভাপতি বাকা বিল্লাহ, এবি পার্টির জেলা আহ্বায়ক ইসলাম, বাংলাদেশ খেলাফতে মজলিসের আমির শাহ্ আলমসহ বিভিন্ন রাজনৈতিক দল, সুশীল সমাজ, জুলাই আহত যোদ্ধা, সাংবাদিক এবং অন্যান্য পর্যায়ের সুধিজন।

কুষ্টিয়ার গড়াই নদীতে নিখোঁজ

দুই শিশুর একজনের মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার খোকসা উপজেলার গড়াই নদীতে গোসলে নেমে নিখোঁজ হওয়া দুই শিশুর মধ্যে তাইবা (৭) নামে একজনের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিসের ডুবুরি দল। অপর শিশুকে উদ্ধারে নদীতে তল্লাশি কার্যক্রম চালানো হচ্ছে।

রোববার (৮ মার্চ) সকাল ৯টার দিকে উপজেলার ওসমানপুর খেয়াঘাট এলাকা থেকে নিখোঁজের প্রায় ১৯ ঘণ্টা পর তাইবার মরদেহ উদ্ধার করা হয়।

নিহত তাইবা একই এলাকার ফারুকের মেয়ে। এ ঘটনায় এখনো নিখোঁজ রয়েছে একই এলাকার সোহেলের মেয়ে সুরাইয়া (৮) নামে আরেক শিশু।

নিহত তাইবা ও নিখোঁজ সুরাইয়া দুজনই ওসমানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। তাইবার মরদেহ উদ্ধারের পর থেকে তার পরিবারের সদস্য ও স্বজনরা কান্নায় ভেঙে পড়েন।

ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্র জানায়, শনিবার দুপুরে ওসমানপুর খেয়াঘাট এলাকায় চার শিশু নদীতে গোসলে নামে। তারা সাঁতার কেটে মাঝনদীতে জেগে ওঠা চরের দিকে যাওয়ার সময় স্রোতের মুখে পড়ে যায়। এ সময় খেয়াঘাটে থাকা নৌকার মাঝিরা সামিয়া ও সুমাইয়া নামে দুই শিশুকে জীবিত উদ্ধার করলেও তাইবা ও সুরাইয়া পানিতে ডুবে নিখোঁজ হয়। এদিকে নিখোঁজ শিশুর সন্ধানে নদীর তীরে ভিড় করছেন স্বজন ও এলাকাবাসী।

খোকসা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ইউনিট কর্মকর্তা রওশন আলী জানান, নিখোঁজ দুই শিশুর মধ্যে একজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। অপর শিশুকে উদ্ধারে ডুবুরি দল ও স্থানীয় জেলেরা নদীর বিভিন্ন স্থানে তল্লাশি চালাচ্ছেন।

ঝিনাইদহে তেল নিতে গিয়ে সেলসম্যানদের পিটনিতে এক যুবকের মৃত্যু

ঝিনাইদহে মোটরসাইকেলের পেট্রোল নিতে গিয়ে ফিলিং ষ্টেশন কর্মচারীদের সাথে বাগ বিতন্ডার জেরে তাদের লাঠির আঘাতে মোটরসাইকেল চালক ফারদিন আহম্মেদ নিরব (২৩) নামে এক বৈষম্য বিরোধী এক ছাত্রনেতার মৃত্যু হয়েছে।

শনিবার রাত পৌণে ৯টার দিকে ঝিনাইদহ-ঢাকা মহাসড়কের ঝিনাইদহ কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় অবস্থিত তাজ ফিলিং ষ্টেশনে মারামারিতে আহত অবস্থায় নিরবকে স্থানীয়রা ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যায়। পরে রাত সাড়ে ৯টার দিকে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করা হয়।

নিহত নিরব ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবার এলাকার বাদুরগাছা গ্রামের আলীমুদ্দীনের ছেলে।

ঝিনাইদহ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডাঃ সব্যসাচী পাল সুমন বলেন, মুমূর্ষু অবস্থায় নিরব নামে এক রোগীকে হাসপাতালে নিয়ে আসা হয়। তার মাথার পিছনে ফোলা যখম ছিল। হাসপাতালে নিয়ে আসার সময় তার হালকা পালস পাওয়া গিয়েছিল। রাত ৯:২৫ মিনিটে তার স্বাস্থ্য পরীক্ষা করে মৃত ঘোষণা করা হয়। আন্তঃ রক্তক্ষরণের কারণে তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

স্থানীয়রা জানিয়েছেন, ওই ছেলে দুজন বন্ধুসহ মোটরসাইকেলে তেল নিতে গেলে পাম্পের সেলসম্যানেরা তাকে তেল দেয়নি। কিন্তু কিছুক্ষণ পরেই সেলসম্যানেরা বোতলে তেল ভরছিল। সেটা দেখে আবারও পাম্পে যেয়ে বোতলে তেল ভরা ও মোটরসাইকেলে তেল না দেওয়ার কারণ জানতে জিজ্ঞাসা করলে সেলসম্যানদের সাথে বাগ-বিতন্ডা শুরু হয়। এক পর্যায়ে তাকে বাশের লাঠি দিয়ে মারা শুরু করে। পরে সে লুটিয়ে পড়লে তাকে হাসপাতালে নিয়ে যায় স্থানীয় ব্যক্তি ও বন্ধুরা।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ হোসেন বলেন, ফরদিন আহমেম্দ নিরব নামের ছেলেটি টার্মিনাল এলাকার তাজ ফিলিং

ষ্টেশনে মোটরসাইকেলের তেল নিতে গেলে ফিলিং ষ্টেশনের সেলস ম্যানদের সাথে হট্টগোল বাধে। একপর্যায়ে সেলসম্যানেরা তাকে পিটিয়ে আহত করে। হাসপাতালে নিয়ে গেলে কিছুক্ষণের মধ্যে সে মারা যায়। আমি ফিলিং ষ্টেশনে পরিদর্শন করেছি। তাজ ফিলিং ষ্টেশনের ৩জন সেলসম্যানকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। নিহতের পুরো পরিচয় পাওয়া যায়নি।

এর আগে শনিবার দুপুর থেকেই ঝিনাইদহের ৩৩টি ফিলিং ষ্টেশনের মধ্যে প্রায় ২৮টিতে তেল বিক্রি বন্ধ করা হয়। ঝিনাইদহ জেলা শহর ঘেষা মাত্র ২টি ফিলিং ষ্টেশনে সীমিত পরিমাণে তেল বিক্রি চালু ছিল।

নিহতের রাজনৈতিক পরিচয় নিশ্চিৎ করে ঝিনাইদহ জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক সাইদুর রহমান বলেন, আন্দোলনের সময় নিরব প্রথম সারিতে সক্রিয় ছিল। তার বাড়ি ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারোবাজার এলাকায়। বর্তমানে শহরের আদর্শ পাড়ার বকুলতলা এলাকার একটি মেসে থাকতো।